মডেল টেস্ট-০৫

বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০

১. তুমি বুদ্ধের ধর্মবাণী শুনেছ। এ ধর্মবাণী কীভাবে সংরক্ষণ করা হয়েছে?
ক. আলোচনার মাধ্যমে খ. সংগীতির মাধ্যমে
গ. মতামতের মাধ্যমে ঘ. লিখিত আকারে

২. তোমার জাতক কাহিনী অনেক পছন্দ। বৌদ্ধ সাহিত্যে তুমি কতটি জাতক সম্পর্কে জেনেছ?
ক. ৬০০টি খ. ৫৫০টি
গ. ৫০০টি ঘ. ৪৫০টি

৩. তোমার বিদ্যালয়ের বাগানে ফুল ফুটছে না, তুমি কী করবে?
ক. বাগান যত্নের বিষয়টি নিয়ে ভাববো
খ. শিক্ষকের সাথে বিষয়টি নিয়ে কথা বলবো
গ. বন্ধুদের সাথে এ বিষয়ে কথা বলবো
ঘ. বন্ধুদের সাথে বাগানের উন্নতির জন্য কাজ করবো

৪. শিক্ষক আমাদের প্রকৃত মানুষরূপে গড়ে তোলেন এবং মনের অন্ধকার দূর করে জ্ঞানের আলো জ্বেলে দেন। তাঁকে আমাদের কী করা উচিত?
ক. অসম্মান করা উচিত খ. অমর্যাদা করা উচিত
গ. সম্মান করা উচিত ঘ. এড়িয়ে চলা উচিত

৫. তোমাদের বাড়িতে একজন শিক্ষাগুরুকে রেখেছেন তোমার বাবা। তিনি তোমাকে কীভাবে শিক্ষা দেবেন?
ক. কৃপণভাবে খ. অকৃপণভাবে
গ. রাগান্বিতভাবে ঘ. মন্দভাবে

৬. শিক্ষক এবং পিতামাতাকে সম্মান প্রদর্শন করা গুরুত্বপূর্ণ কারণ—
ক. তাঁরা আমাদের ভাল ব্যবহার শেখান
খ. তাঁরা আমাদের সুখী করেন
গ. তাঁরা আমাদের সবাইকে ভালবাসেন
ঘ. তাঁরা আমাদের আচরণের উন্নয়ন ঘটাতে সাহায্য করেন

৭. ঘনসারপ্প দিত্তেন দীপেন তমধংসিনা, তিলোক দীপং সম্বুদ্ধং পূজযামি তমোনুদং- উক্ত গাথাটি কোন পূজায় উচ্চারণ করবে?
ক. পুষ্প খ. আহার
গ. প্রদীপ ঘ. অগ্নি

৮. তুমি বুদ্ধের উদ্দেশ্যে ধূপকাঠি জ্বেলে সন্ধ্যাবেলা কোন পূজা করবে?
ক. পুষ্প পূজা খ. আহার পূজা
গ. ধূপ পূজা ঘ. প্রদীপ পূজা

৯. তুমি অনিত্য ভাবনা, জীবন গড়া ও ক্ষণস্থায়ী জীবনের কথা চিন্তা করতে কী করবে?
ক. প্রদীপ পূজা
খ. পুষ্প পূজা
গ. ধূপপূজা
ঘ. আহার পূজা

১০. তুমি দশশীল গ্রহণ করতে চাও। দশশীল গ্রহণ করার সময় তুমি কীভাবে বসবে?
ক. এলোমেলোভাবে হাত জোড় করে
খ. আসন করে হাত জোড় করে
গ. নতজানু হয়ে হাত জোড় করে
ঘ. পা ছড়িয়ে হাত জোড় করে

১১. তুমি চরিত্র শুদ্ধ রাখার জন্য কী পালন করবে?
ক. প্রার্থনা খ. উপোসথ
গ. গৃহী ঘ. শীল

১২. তুমি শীল পালন করবে কেন?
ক. আত্মতৃপ্তি লাভ করার জন্য
খ. স্বাবলম্বী হওয়ার জন্য
গ. আমাদের চারিত্রিক উন্নয়নের জন্য
ঘ. আমাদের আচরণের উন্নয়নের জন্য

১৩. তুমি এমন একখানি গ্রন্থ পাঠ করেছ যার অর্থ অতিরিক্ত বা অধিকতর ধর্ম। তুমি কোন গ্রন্থ পাঠ করেছ?
ক. বিনয় পিটক খ. সূত্র পিটক
গ. দীর্ঘ নিকায় ঘ. অভিধর্ম পিটক

১৪. তুমি ত্রিপিটকের এমন একটি গ্রন্থ সম্পর্কে জেনেছ যা ত্রিপিটকের হৃৎপিন্ড হিসেবে পরিচিত। তুমি কোন গ্রন্থ সম্পর্কে জেনেছ?
ক. অভিধর্ম পিটক খ. সূত্র পিটক
গ. বিনয় পিটক ঘ. সংযুক্ত নিকায়

১৫. সপ্ত প্রকরণ এর ক্ষেত্রে নিচের কোন উক্তিটি সঠিক?
ক. ভিক্ষুদের অবশ্য পালনীয় নিয়মনীতি
খ. এর দ্বারা আমাদের জীবন পরিচালিত হয়
গ. যুক্তিতর্কের মাধ্যমে মিথ্যা দৃষ্টি খণ্ডন
ঘ. কীভাবে একে অপরকে দেখাশুনা করা যায়

১৬. তুমি সকলের প্রশংসা পেতে চাও এবং সুখী ও সুন্দর জীবন গড়তে চাও। তুমি কোন কর্ম করবে?
ক. কুশল কর্ম খ. অকুশল কর্ম
গ. অসৎ কর্ম ঘ. দুষ্কর্ম

১৭. নিজেকে একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে তুমি সর্বদাই কী কর?
ক. দায়িত্বশীল ও সংযত আচরণ কর
খ. কুকর্মের জন্য শাস্তি পাও
গ. সচেতনভাবে সঠিক কাজ কর
ঘ. অপরের কষ্টে মজা কর

১৮. ভালো আচরণ করলে তুমি কী লাভ করবে?
ক. জ্ঞানী হবো
খ. জীবনকে উপভোগ করবো
গ. ধার্মিক হবো
ঘ. সুখী এবং সমৃদ্ধ জীবন পাবো

Teachingbd.com

১৯. তুমি শ্রাবক শিষ্য হতে চাও। তাহলে তোমার কোন যোগ্যতা থাকতে হবে?
ক. নবীন ও ধনী হতে হবে
খ. প্রবীণ ও রাজা হতে হবে
গ. প্রবীণ ও মার্গফল লাভী হতে হবে
ঘ. নবীন ও মার্গফল লাভী হতে হবে

২০. তোমার একজন সহপাঠী নাপিত বলে কেউ তার সাথে মিশে না কিন্তু তুমি তার সাথে মিশে খেলা কর। একে কী বলা হয়?
ক. জাতিভেদের স্বপক্ষে
খ. জাতিভেদের বিপক্ষে
গ. জাতিভেদে বিশ্বাসী
ঘ. জাতিভেদের অন্তরায়

২১. তুমি প্রতিদিন ভোরে কিছু খাবার ছোট প্রাণী ও কীটপতঙ্গের নামে বিতরণ কর, এতে তুমি কী করছ?
ক. সম্যক বাক্য
খ. সম্যক কর্ম
গ. সম্যক ব্যায়াম ঘ. সম্যক স্মৃতি

২২. একজন বৌদ্ধ হিসেবে তোমার জীবনের লক্ষ্য কী?
ক. প্রচুর টাকা উপার্জন করা
খ. জীবনে উন্নতি করা
গ. সমস্ত দুঃখ হতে মুক্ত হওয়া
ঘ. উপবাস থাকা

২৩. জাতক কাহিনির মাধ্যমে তুমি কী জানতে পারবে?
ক. বুদ্ধের শৈশবকাল
খ. ভাল ও মন্দ কাজ
গ. গৌতমবুদ্ধের পূর্বজন্মের কাহিনী
ঘ. ভগবান বুদ্ধের অন্তিম বাণী

২৪. প্রেমার নানি তাকে প্রতিদিন জাতকের উপদেশ বর্ণনা করেন। পালি সাহিত্যে জাতক কতটি?
ক. ৪০০ খ. ৪৫০
গ. ৫০০ ঘ. ৫৫০

২৫. তুমি বৌদ্ধ ঐতিহাসিক স্থান ভ্রমণ করেছ। এটা কী ধরনের কর্ম?
ক. পুণ্যকর্ম খ. নিকৃষ্ট কর্ম
গ. অসৎ কর্ম ঘ. মন্দ কর্ম

২৬. ঐতিহাসিক স্থানগুলো যত্নের সাথে সংরক্ষণ করা গুত্বপূর্ণ, কারণ কী?
ক. এগুলো পর্যটনের জন্য গুরুত্বপূর্ণ
খ. এগুলো পূর্ব পুরুষদের প্রতি সম্মান প্রদর্শন করায়
গ. এগুলো আমাদের ইতিহাস ও সংস্কৃতি বুঝতে সাহায্য করে
ঘ. এগুলো আমাদের ধর্মীয় বিশ্বাসকে অক্ষুণ্ন রাখতে সাহায্য করে

২৭. ঐতিহ্য বলতে তুমি কী বোঝ?
ক. প্রাত্যহিক নিয়ম-কানুন অনুসরণ
খ. পারিবারিক প্রথা ও বিশ্বাস অনুসরণ
গ. আমাদের প্রিয় কাজের অনুসরণ
ঘ. সরকারি নিয়ম নীতি অনুসরণ

২৮. ইমং ভিক্খং সপরিকখারং ভিকখু সংঘস্স দেমা পূজেমা — তুমি মন্ত্রটি কখন পাঠ করবে?
ক. প্রবারণায়
খ. সংঘদান উৎসবে
গ. অষ্টপরিষ্কার দান উৎসবে
ঘ. কঠিন চীবর দান উৎসবে

২৯. আজ ভিক্ষুদের ত্রৈমাসিক বর্ষাবাসের পরিসমাপ্তি এবং উক্ত অনুষ্ঠানে তুমি সন্ধ্যায় প্রদীপ জ্বালিয়ে ফানুস উড়াতে চাও। আজ কোন পূর্ণিমা?
ক. আষাঢ়ী পূর্ণিমা খ. প্রবারণা পূর্ণিমা
গ. মধু পূর্ণিমা ঘ. বুদ্ধ পূর্ণিমা

৩০. তুমি বিহারে গিয়ে এমন একটি দানোৎসব দেখতে পেলে, যা বছরে একবার একটি বিহারে অনুষ্ঠিত হয়। বিহারে কোন উৎসব অনুষ্ঠিত হচ্ছে?
ক. কঠিন চীবর দান খ. সংঘদান
গ. বর্ষাবাস ঘ. প্রবারণা

৩১. তুমি ধর্মীয় অনুশাসন মেনে চলো। এতে সমাজের কী উপকার হবে?
ক. সমাজে সুখ-শান্তি থাকবে
খ. সমাজে অশান্তি সৃষ্টি হবে
গ. সমাজে দুর্নীতি সৃষ্টি হবে
ঘ. সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি হবে

৩২. তুমি তোমার দায়িত্ব কর্তব্য পালনের মাধ্যমে অনেক বড় হয়েছ এবং তোমার অবস্থানের উন্নতি হয়েছে। তোমার এ শক্তিকে কী বলা হয়?
ক. অলৌকিক শক্তি খ. আত্ম শক্তি
গ. লৌকিক শক্তি ঘ. অপরের শক্তি

৩৩. কোনটি আমাদেরকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে নিয়ে যায়?
ক. আলস্যতা খ. দায়িত্ব-কর্তব্য
গ. কর্মবিমুখতা ঘ. দায়িত্বহীনতা

৩৪. গৌতম বুদ্ধ প্রাচীন ভারতের বিভিন্ন অঞ্চলে ঘুরে ঘুরে তাঁর বাণী প্রচার করেছেন। এগুলো কোন ভাষায় সংরক্ষিত আছে?
ক. বাংলা খ. পালি
গ. হিন্দি ঘ. ইংরেজি

৩৫. শীতল মূল ত্রিপিটক পাঠ করছে। সে কোন ভাষায় এটি পাঠ করছে?
ক. পালি খ. বাংলা
গ. হিন্দি ঘ. ইংরেজি

৩৬. হিমালয়ের পাশে কোন রাজ্য ছিল?
ক. কপিলাবস্তু খ. নালন্দা
গ. রাজগীর ঘ. সারনাথ

৩৭. তোমাদের ধর্মের প্রবর্তক প্রথম কোন বৃক্ষের নিচে বসে ধ্যান করেন?
ক. বটবৃক্ষ খ. শালবৃক্ষ
গ. জম্বুবৃক্ষ ঘ. চন্দনবৃক্ষ

৩৮. তুমি বুদ্ধ, ধর্ম ও সংঘকে একত্রে কী বলবে?
ক. বুদ্ধরত্ন খ. ধর্মরত্ন
গ. সংঘরত্ন ঘ. ত্রিরত্ন

http://teachingbd.com

৩৯. তোমাদের ধর্মে কাকে দান গ্রহণের উত্তম পাত্র বলা হয়?
ক. ভিখারি খ. দিশারি
গ. দুঃশীল ব্রাহ্মণ ঘ. বিশুদ্ধ সংঘ

৪০. আমাদের মনে কিসের প্রদীপ জ্বালাতে পারি?
ক. রাতের প্রদীপ খ. দিনের প্রদীপ
গ. জ্ঞানের প্রদীপ ঘ. কামনার প্রদীপ

৪১. ভারতীয় আর্য ভাষার কয়টি স্তর আছে?
ক. দুটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি

৪২. গৃহী বা উপাসক-উপাসিকারা নিত্য কোন শীল পালন করে থাকে?
ক. দশশীল খ. পঞ্চশীল
গ. প্রাতিমোক্ষ শীল ঘ. ধুতাজ্ঞা শীল

৪৩. গৌতম বুদ্ধ কোন ধর্ম প্রচার করেন?
ক. হিন্দুধর্ম খ. বৌদ্ধধর্ম
গ. জৈনধর্ম ঘ. খ্রিস্টধর্ম

৪৪. বৌদ্ধধর্মের মূল ভিত্তি কী?
ক. দৃষ্টিবাদ খ. আত্মবাদ
গ. কর্মবাদ ঘ. ক্ষান্তিবাদ

৪৫. বুদ্ধের প্রধান সেবক কে ছিলেন?
ক. মহাকাশ্যপ খ. আনন্দ
গ. উপালি ঘ. যশ

৪৬. জাতকের মূল শিক্ষা কী?
ক. বিনয়সম্মত জীবন গঠন
খ. পরিপূর্ণ জীবন গঠন
গ. অর্থনৈতিক জীবন গঠন
ঘ. মহৎ ও আদর্শ জীবন গঠন

৪৭. কারা বৌদ্ধধর্ম ও সংস্কৃতির বিকাশ সাধন করেছিলেন?
ক. পালরাজারা খ. ক্ষত্রিয়রাজারা
গ. সেনরাজারা ঘ. বজ্জিরাজারা

৪৮. কোন অনুষ্ঠানের মাধ্যমে পুণ্য অর্জন হয়?
ক. ধর্মীয় উৎসব খ. সামাজিক উৎসব
গ. পূজার উৎসব ঘ. বিবাহ উৎসব

৪৯. মানব সমাজে কী থাকবে?
ক. ঐক্য-সংহতি
খ. ঝগড়া-বিবাদ
গ. পারস্পরিক অসহযোগিতা
ঘ. অসহনশীলতা

৫০. বুদ্ধ হলেন—
ক. আলোর প্রদীপ খ. ধ্যানের প্রদীপ
গ. বিত্তের প্রদীপ ঘ. চিত্তের প্রদীপ

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :
(১৫টি প্রশ্ন থাকবে প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক।) ১×১৫ = ১৫
ক. তোমার গুরুজন কারা?
খ. তুমি বৌদ্ধধর্মের অনুসারী। তোমার পরম পূজনীয় বিষয় কী?
গ. তুমি কীভাবে মনকে পবিত্র ও সংযত করবে?
ঘ. তুমি ভিক্ষু হতে চাও। তোমাকে কী করতে হবে?
ঙ. বুদ্ধের প্রকৃত পূজা তুমি কীভাবে করবে?
চ. কোন পূর্ণিমায় তোমাদের ধর্মের প্রবর্তক জন্মগ্রহণ করেন?
ছ. তুমি 'পট্‌ঠান' সম্পর্কে জেনেছ। এই শব্দটির অর্থ কী?
জ. দান করলে তুমি কী লাভ করবে?
ঝ. তুমি ধার্মিক। তোমার জন্য কিসের দ্বার খোলা থাকবে?
ঞ. মহাপ্রাণ বলতে তুমি কী বুঝ?
ট. জাতকের মূল শিক্ষা কী?
ঠ. শ্রাবস্তী কোথায় অবস্থিত?
ড. কে সংঘকে বিশুদ্ধ ক্ষেত্র বলেছেন?
ঢ. আত্মমর্যাদা কাকে বলে?
ণ. জীবক কে ছিলেন?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও : ৫×৭ = ৩৫
ক. গৌতম বুদ্ধ একটি ধর্মের প্রবর্তক। তিনি কোন ধর্মের প্রবর্তক? এ ধর্মের অনুসারী কারা? তাদের ধর্মগ্রন্থের তিনটি অংশের নাম লেখ। ১+১+৩ = ৫
খ. ত্রিরত্ন পরম আধার বা আশ্রয়। কাদের নিকট ত্রিরত্ন পরম আধার বা আশ্রয়? ত্রিরত্ন বন্দনা কী? প্রতিদিনের তিনটি কর্ম লেখ। ১+১+৩=৫
গ. এমন একটি কর্ম আছে যা দিয়ে মনকে পবিত্র ও সংযত করা যায়। কোন কর্ম দিয়ে মনকে পবিত্র ও সংযত করা যায়? কারা নিয়মিত এ কর্মগুলো করে থাকে? পূজার তিনটি উপকারিতা লেখ। ১+১+৩=৫
ঘ. এমন একটি সময় আছে যখন নতজানু হয়ে হাত জোড় করে বসতে হয়। কখন নতজানু হয়ে হাত জোড় করে বসতে হয়? উক্ত কাজের পর প্রথমে কী করতে হয়? দশশীল থেকে তিনটি শীলের বাংলা অনুবাদ লেখ। ১+১+৩ = ৫
ঙ. একটি শিশু ভূমিষ্ঠ হয়েই সাত পা হেঁটে সামনে গেলেন। শিশুটি কে? সাত পায়ের নিচে কী ফুটল? শিশুটির ৩টি গুণ লেখ। ১+১+৩=৫
চ. তোমাদের ধর্মের মূল ভিত্তি কী? কর্মবাদ বলতে কী বোঝ? চারটি বাক্যে লেখ। ১+৪=৫
ছ. সামাজিক অনুষ্ঠানে যোগদান করলে কী উপকার হয় দুইটি বাক্যে লেখ। তুমি একটি ধর্মীয় অনুষ্ঠানে গিয়ে আনন্দ উপভোগ করেছ। এতে তুমি যা শিখেছ তা তিনটি বাক্যে লেখ।
জ. সাধারণ অর্থে জাতক কী? তোমাদের ধর্মীয় সাহিত্যে জাতকের অর্থ কী? জাতক সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫
ঝ. বৌদ্ধধর্মের প্রবর্তক কে? বৌদ্ধ ঐতিহাসিক স্থান সম্পর্কে ৪টি বাক্য লেখ। ১+৪ = ৫
ঞ. আনন্দের পিতা-মাতার নাম কি? বুদ্ধের ব্যক্তিগত সেবক নিযুক্ত হওয়ার জন্য আনন্দের ৮টি শর্তের চারটি শর্ত লেখ। ১+৪=৫

Teachingbd.com

উত্তরমালা

১. ১. খ. সংগীতির মাধ্যমে; ২. খ. ৫৫০টি; ৩. খ. শিক্ষকের সাথে বিষয়টি নিয়ে কথা বলবো; ৪. গ. সম্মান করা উচিত; ৫. খ. অকৃপণভাবে; ৬. ঘ. তাঁরা আমাদের আচরণের উন্নয়ন ঘটাতে সাহায্য করেন; ৭. গ. প্রদীপ; ৮. গ. ধূপ পূজা; ৯. ক. প্রদীপ পূজা; ১০. গ. নতজানু হয়ে হাত জোড় করে; ১১. ঘ. শীল; ১২. গ. আমাদের চারিত্রিক উন্নয়নের জন্য; ১৩. ঘ. অভিধর্ম পিটক; ১৪. ক. অভিধর্ম পিটক; ১৫. গ. যুক্তিতর্কের মাধ্যমে মিথ্যা দৃষ্টি খণ্ডন; ১৬. ক. কুশল কর্ম; ১৭. গ. সচেতনভাবে সঠিক কাজ কর; ১৮. গ. ধার্মিক হবো; ১৯. গ. প্রবীণ ও মার্গফল লাভী হতে হবে; ২০. খ. জাতিভেদের বিপক্ষে; ২১. খ. সম্যক কর্ম; ২২. গ. সমস্ত দুঃখ হতে মুক্ত হওয়া; ২৩. গ. গৌতমবুদ্ধের পূর্বজন্মের কাহিনী; ২৪. ঘ. ৫৫০; ২৫. ক. পুণ্যকর্ম; ২৬. গ. আমাদের ইতিহাস ও সংস্কৃতি বুঝতে সাহায্য করে; ২৭. খ. পারিবারিক প্রথা ও বিশ্বাস অনুসরণ; ২৮. খ. সংঘদান উৎসবে; ২৯. খ. প্রবারণা পূর্ণিমা; ৩০. ক. কঠিন চীবর দান; ৩১. ক. সমাজে সুখ-শান্তি থাকবে; ৩২. খ. আত্ম শক্তি; ৩৩. খ. দায়িত্ব-কর্তব্য; ৩৪. খ. পালি; ৩৫. ক. পালি; ৩৬. ক. কপিলাবস্তু; ৩৭. গ. জম্বুবৃক্ষ; ৩৮. ঘ. ত্রিরত্ন; ৩৯. ঘ. বিশুদ্ধ সংঘ; ৪০. গ. জ্ঞানের প্রদীপ; ৪১. খ. তিনটি; ৪২. খ. পঞ্চশীল; ৪৩. খ. বৌদ্ধধর্ম; ৪৪. গ. কর্মবাদ; ৪৫. খ. আনন্দ; ৪৬. ঘ. মহৎ ও আদর্শ জীবন গঠন; ৪৭. ক. পালরাজারা; ৪৮. ক. ধর্মীয় উৎসব; ৪৯. ক. ঐক্য-সংহতি; ৫০. ঘ. চিত্তের প্রদীপ।

২. ক. বয়োজ্যেষ্ঠগণ মাত্রই আমার গুরুজন।

খ. আমার পরম পূজনীয় বিষয় হচ্ছে ত্রিরত্ন।

গ. পূজা ও দান করে মনকে পবিত্র ও সংযত করব।

ঘ. ভিক্ষু হতে হলে প্রথমে আমাকে শ্রামণ হতে হবে।

ঙ. বুদ্ধের উপদেশ সূক্ষ্মানুসূক্ষ্মভাবে নিজ জীবনে আচরণ করে আমি প্রকৃত বুদ্ধ পূজা করব।

চ. বৈশাখী পূর্ণিমায় আমাদের ধর্মের প্রবর্তক সিদ্ধার্থ গৌতম জন্মগ্রহণ করেন।

ছ. পট্‌ঠান শব্দের অর্থ মূল কারণ।

জ. দান করলে আমি পুণ্য লাভ করব।

ঝ. আমার জন্য স্বর্গের দ্বার খোলা থাকবে।

ঞ. বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ বলতে জোরে উচ্চারণ করতে হয় বলে এগুলোকে মহাপ্রাণ বলে।

ট. কুশলকর্ম বা পথ অবলম্বন করে মহৎ ও আদর্শ শীল গঠন করা।

ঠ. শ্রাবস্তী ভারতের উত্তর প্রদেশের অন্তর্গত গোণ্ডা জেলার অচিরাবতী নদীর তীরে অবস্থিত।

ড. ভগবান বুদ্ধ।

ঢ. আত্মমর্যাদা বলতে নিজের বা স্বীয় মর্যাদাকে বোঝায়।

ণ. জীবক বুদ্ধের স্থায়ী চিকিৎসক এবং রাজবৈদ্য।

Teachingbd.com